

ভারতে পুনর্ব্যবহারযোগ্য শক্তি উৎপাদনে অ্যামপিন

ভারতের অন্যতম পুনর্ব্যবহারযোগ্য শক্তি স্থানান্তর সংস্থা অ্যামপিন ৩১০০ কোটি টাকার বিনিয়োগে ভারতের পূর্বাঞ্চলে উল্লেখযোগ্য প্রভাব ফেলতে চলেছে। ৬০০ মেগাওয়াটের বেশি রিনিউয়েবল এনার্জি প্রকল্পের পাশাপাশি সোলার সেল ও মডিউল উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে। পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড, ছত্তিশগড় এবং উত্তর-পূর্বের রাজ্যগুলিতে বিনিয়োগের পরিকল্পনা রয়েছে। এই অঞ্চলে কোম্পানির ২০০ মেগাওয়াটের বৃহত্তম সোলার ওপেন অ্যাক্সেস পোর্টফোলিও, সিইএসসি-এর সঙ্গে ২৫০ মেগাওয়াটের উইন্ড-এয়ার হাইব্রিড প্রকল্প ও শিল্পগ্রাহকদের জন্য ১০.৫ মেগাওয়াটের বৃহত্তম মিটার ইন্ডাস্ট্রি-সোলার প্রকল্প রয়েছে।